REG. NO. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৸০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার [illegible] ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


### বিজ্ঞাপন।

গ্রাহকগণের প্রতি নিবেদন :—

আমাদের দোকানে চাঁদি, সোনা, গিনি মোহর এবং সকলপ্রকার স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কার সর্ব্বদা বিক্রয়ার্থ প্রস্তুত থাকে। কোন অলঙ্কার প্রস্তুত করিতে দিলে আমরা নির্দ্দিষ্ট দিনে দিয়া থাকি। মফঃস্বলে ভিঃ, পিঃ, তে মাল পাঠান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীবিভূতিভূষণ দে এণ্ড ব্রাদার্স

জঙ্গিপুর, সাহেব বাজার, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

### সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৶০ আনা।

ডাঃ নন্দলাল পাল।

রঘুনাথগঞ্জ।


১০ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩১শে বৈশাখ বুধবার ১৩৩১ ইংরাজী 14th May 1924. | ৩৪শ সংখ্যা।


# হিলিংবাম

গত ৩০ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲

" " মাঝারি শিশি ২৸০

" " ছোট শিশি ১৸০

## স্যাঙো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙো বাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৸০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

### আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

## গুণে গন্ধে সৌরভসম্পদে

## কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

### রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহৌষধ। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তিপ্রদ আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরক্ষক হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিগ্রহ-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১৸০ দেড় টাকা।

প্যাকিং ও ডাকমাশুল ... ৷৶০ দশ আনা।

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

## কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

### আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সত্যমেব জয়তে নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৩১শে বৈশাখ বুধবার ১৩৩১ সাল।

## পরলোকে অশ্বিনীকুমার।

—:০:—

বাবু অশ্বিনীকুমার বসু আমাদের বড় অন্তরঙ্গ বন্ধু ছিলেন। বেচারা এই সহরে আসিয়া অতি অল্প পুঁজি লইয়া কনট্রাকটরী কাজ করিতেন। দিন নাই রাত নাই অশ্বিনী বাবু হাড়ভাঙ্গা খাটন খাটিয়া পেটের ভাত করিতেছিলেন। এমন খাটিয়ে লোক ভদ্র লোকের মধ্যে খুব বিরল। অত হাড়ভাঙ্গা পরিশ্রমেও কথনও তাঁর বিরক্তি বা বিষন্ন মুখ দেখা যায় নাই। মুখে সর্ব্বদা হাসিটী লাগিয়াই থাকিত। মুখের অনুরূপ হৃদয়খানিও তাঁর ছিল। সহরের ইতর ভদ্র সকলেই তাঁহাকে ভাল বাসিতেন। এখানে থাকিবার মধ্যে তাঁর তিনটী শিশু পুত্র ও সহধর্ম্মিণী ছিলেন। কুলি মজুর প্রভৃতি ইতর লোকেরা সকলেই তাঁর গুণে মুগ্ধ ছিল। হঠাৎ বসন্ত রোগ অশ্বিনীকে অকালে গ্রাস করিল। দেশে অশ্বিনী বাবুর বৃদ্ধা জননী এখনও জীবিতা। পত্নী এই তিনটি শিশু লইয়া শোকে জর্জ্জরিতা। এই প্রকার শোকার্ত্তা ও দুঃখিনী দেখিলে অশ্বিনীর চক্ষে প্রায়ই আমরা অশ্রুপাত হইতে দেখিয়াছি। তাহার যথাসাধ্য দানও ছিল। মোট কথা এমন লোকটী আজকাল খুব কম দেখা যায়। ভদ্রলোকটী বিনয় নম্রতা ও ভদ্রতার আধার ছিল। আমরা তাঁহার শোক সন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

—

## আর একটী বুক ফাটা মৃত্যু।

—•—

আমাদের আর এক বন্ধু শ্রীযুত তিনকড়ি বন্দ্যোপাধ্যায় ভায়া তাহার একটি কন্যার মৃত্যুতে কাতর হইয়াছেন। বউমাটী শোকে মুহ্যমানা। মায়ের প্রাণ সন্তানের শোকে যে কি ক্লেশ অনুভব করে তাহা ভুক্তভোগী ভিন্ন কে বুঝিবে? ভায়া জ্ঞানীলোক। ইহা অপেক্ষা কঠিনতর পরীক্ষা ইহার পূর্ব্বে অনেক বার দিয়াছেন। সেবারে নিমোনিয়া আসিয়া ভায়ার ৪।৫টী মায়ার জিনিস কাড়িয়া লইয়া গিয়াছে। এবারেও তাঁর ভাঙ্গা বুকে আঘাত করিতে নির্দ্দয় কাল একটুকুও দ্বিধা করিল না। 'যদ্বিধেয়ংনসিদ্ধিতং' 'তোমারই দেওয়া নিধি তোমারই কেড়ে লওয়া' এ ভিন্ন আর কি বলিবার আছে? তিনকড়ি ভায়ার চিত্তে ধৈর্য্য দিতে আমরা ভগবানে নিকটে প্রার্থনা করি।

—

## চুরির এক পুরাতন প্রণালী।

—•—

গত বুধবার অপরাহ্নে ২৯নং ষ্ট্যাণ্ড রোডে বক্স কোম্পানীর চামড়ার দোকানে এক 'ফিট' বাঙ্গালী বাবু উপস্থিত হইয়া নগদ মূল্য দিয়া ক্রোমো চামড়া খরিদ করিতে চায়। অনেক দর কসাকসির পর কতকগুলি চামড়ার মূল্য ৪৬৩৲ টাকায় ধার্য্য হয়। সে দোকানদারকে বলে, তাহার অফিস ক্লাইভ ষ্ট্রীটে, তাহার ট্যাক্সিতে চড়িয়া মাল সমেত দোকানদার তাহার অফিসে যাইলে টাকা সব হাতে হাতে চুকাইয়া দেওয়া হইবে। দোকানদার এই প্রস্তাবে সম্মত হইয়া তাহার সহিত ট্যাক্সিতে গিয়া উঠে। বাবুটী ক্লাইভ ষ্ট্রীটে প্রকাণ্ড এক সওদাগরের আফিসের সমক্ষে গাড়ী থামাইয়া দোকানদারকে তাহার অনুসরণ করিতে বলিয়া অফিসের দ্বিতলে উঠিয়া যায় এবং বারান্দার উপর তাহাকে অপেক্ষা করিতে অনুরোধ করিয়া একটী ঘরের ভিতর প্রবেশ করে এবং পিছনের সিঁড়ি দিয়া নীচে নামিয়া গিয়া ট্যাক্সি লইয়া কোথায় সরিয়া পড়ে। চামড়াগুলি গাড়ীতেই ছিল। দোকানদার বহুক্ষণ বসিয়া থাকিয়া শেষে ব্যাপার বুঝিতে পারিল। ট্যাক্সির নম্বর দোকানদারের মনে ছিল। সে পুলিশে খবর দিয়াছে। কিন্তু চোর বা ট্যাক্সির এ পর্য্যন্ত কোনও সন্ধান হয় নাই। এই প্রণালীর চুরি পূর্ব্বে অনেক হইয়াছে।

—

## এক টাকার নোটের পরিবর্ত্তন।

—•—

কারেন্সীর কনট্রোলার নিম্নলিখিত কমিউনিক প্রকাশ করিয়াছেন।—ভারত গভর্ণমেন্ট সম্প্রতি নূতন রকমের এক টাকার নোট বাহির করিয়াছেন। এ পর্য্যন্ত যে নোট ছিল, তাহা হইতে এ নোটের জল-ছাপ একটু স্বতন্ত্র ধরণের, তারকা চিহ্নও পরিবর্ত্তন করা হইয়াছে। নূতন তারকা চিহ্নের বর্ডার গোল নহে কিন্তু পূর্ব্বের নোটের যে স্থানে জল-ছাপ ছিল, ইহাও ঠিক সেই স্থানে দেওয়া হইয়াছে। নোটের আকার কোন রকমে বদলান হয় নাই।

—

## পানের ভিতর নেশার দ্রব্য।

—•—

নসীবন বিবির নিবাস কলুটোলা লেনে। গতপূর্ব্ব শুক্রবার রাত্রে একটী ছোট ছেলে তাহাকে একটি পান খাইতে দেয়। নসীবন তাহা খাইয়া কিছুক্ষণের মধ্যেই অজ্ঞান হইয়া পড়ে। তাহাকে তখন হাসপাতালে পাঠাইয়া দেওয়া হয়, সেখানে চিকিৎসার গুণে চৈতন্যোদয় হইলে সে দেখে তাহার প্রায় ৬,০৬৲ টাকার অলঙ্কার চুরি গিয়াছে। পুলিশ তদন্তের ফলে ফইরুদ্দিন ও আর তিন ব্যক্তি ধরা পড়িয়াছে। আসামীদের নিকট হইতে চোরাই মালের অধিকাংশ পাওয়া গিয়াছে।

## বঙ্গদেশের গভর্ণমেণ্ট।

রাজনীতি বিভাগ।

(রাজনৈতিক।)

**বিজ্ঞাপন।**

কলিকাতা, ২৫শে এপ্রিল, ১৯২৪।

## ইরাকে তীর্থ যাত্রা।

—•—

যাঁহারা ইরাকে তীর্থযাত্রা করিতে ইচ্ছা করেন, তাঁহাদিগকে সাবধান করিয়া দেওয়া যাইতেছে যে, যথেষ্ট টাকা সঙ্গে না লইয়া যদি তাঁহারা যাত্রা করিতে চাহেন, তাহা হইলে তাঁহাদিগকে বিপদে পড়িতে হইবে। কলিকাতা হইতে বোম্বাই হইয়া ইরাক যাইবার রাহা খরচ, ইরাকে একমাস থাকিবার খরচ, এবং সাধারণতঃ মসজিদের ফি এবং কলিকাতায় ফিরিয়া আসিবার খরচ সমেত বর্ত্তমানে মোট তিন শত টাকা পড়িবে বলিয়া ধরা হইয়াছে। এই টাকা হাতে না লইয়া বাঙ্গালা দেশ হইতে তীর্থযাত্রা করা নিষ্প্রয়োজন।

ইরাক রেলওয়ে ডাইরেক্টরগণ তীর্থযাত্রীদের জন্য বিশেষভাবে দাম কমাইয়া তৃতীয় শ্রেণীর রেলওয়ে টিকিটের বই বাহির করিবার বন্দোবস্ত করিয়াছেন। ঐ সমস্ত বই বোম্বাইয়ে ইরাক গবর্ণমেণ্টের এজেণ্টের আফিসে পাওয়া যাইবে। ইরাকে সমস্ত তীর্থে যাইবার জন্য রেলপথে ভ্রমণ করিতে হইলে যত টিকিটের দরকার সেই সমস্ত টিকিট সমেত একখানি বইএর দাম ৪২৸০। বোম্বাই পরিত্যাগ করিবার পূর্ব্বে যাত্রিগণকে রেলওয়ে টিকিটের এইরূপ একখানি বই সংগ্রহ করিতে হইবে।

যাত্রিগণকে আরও সাবধান করিয়া দেওয়া যাইতেছে যে, তাঁহারা যে জেলায় বাস করেন সেই জেলার ম্যাজিষ্ট্রেটের নিকট হইতে, এবং কলিকাতার অধিবাসী হইলে কলিকাতার পুলিশ কমিশনারের নিকট হইতে, তাঁহারা যেন ইরাকে তীর্থযাত্রা করিবার জন্য একটী বিশেষ ছাড়পত্র অবশ্য অবশ্য সংগ্রহ করেন।

বাঙ্গালার জেলা সকল হইতে যে সকল যাত্রী ছাড়পত্র না লইয়া কলিকাতায় আসেন, কলিকাতায় কেহই তাঁহাদিগকে জানে না। তাঁহারা কলিকাতার পুলিশ কমিশনারের নিকট আবেদন করিলে, তাঁহাদিগকে সনাক্ত করিবার লোকের অভাবে, তাঁহাদের আবেদন অগ্রাহ্য হইতে পারে। তখন তাঁহারা আবার নিজের জেলায় ফিরিয়া গিয়া ছাড়পত্র সংগ্রহ করিতে না পারিলে তীর্থযাত্রা করিতে পারিবেন না।

এ, এন, মোবার্লি।

বঙ্গীয় গভর্ণমেণ্টের চিফ সেক্রেটারী।

—

## বিজ্ঞাপন।

—•—

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, আমার দেবত্তর ও নিজ সম্পত্তির তত্ত্বাবধান জন্য শিবগঞ্জ নিবাসী ৺মুকুন্দলাল নাথের পুত্র শ্রীমান গোবিন্দদাস নাথ ও শ্রীমান রাধাবল্লভ নাথ এবং দুর্গাদাস নাথের পুত্র শ্রীমান শ্যামাচরণ নাথকে ও বহরমপুর নিবাসী মোক্তার ব্যবসায়ী শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ লাহিড়ীকে আমার আমমোক্তার নিযুক্ত করিয়াছিলাম কিন্তু উক্ত আমমোক্তারগণ আমার এষ্টেটের ক্ষতিকর কার্য্য করায় ও আমার ইচ্ছার বিরুদ্ধে ও অজ্ঞাতসারে নানারূপ অন্যায় কার্য্য করায় আমি অদ্যকার তারিখ হইতে তাহাদের অনুকূলে সম্পাদিত আমমোক্তারনামা খারিজ করিলাম উক্ত ব্যক্তিগণ অদ্য হইতে আর আমার আমমোক্তার রহিলেন না। অতঃপর কেহ তাহাদের সহিত আমার আমমোক্তার স্বরূপে কোন আদান প্রদান করিলে বা অন্য কোন কার্য্য করিলে তজ্জন্য আমি বা আমার এষ্টেট দায়ী হইবে না। আরও প্রকাশ থাকে যে শ্রীমান গোবিন্দদাস নাথ ও শ্রীমান রাধাবল্লভ নাথ ও শ্রীমান শ্যামাচরণ নাথ এই তিন জনকে ম্যানেজার নিযুক্ত করা কালে তাহাদের সহিত আমার যে চুক্তি হইয়াছিল তাহা তাহারা নানা প্রকারে ভঙ্গ করায় ও উক্ত চুক্তি কার্য্যতঃ কখনও কার্য্যকরি না হওয়ায় ও শ্রীমান রাধাবল্লভ নাথ ও শ্রীমান শ্যামাচরণ নাথ এষ্টেটের ম্যানেজমেণ্ট আদৌ গ্রহণ না করায় ও শ্রীমান গোবিন্দদাস নাথও উপরোক্ত দুই ভ্রাতাকে অন্যায় ও অবৈধমতে ও স্বীয় স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে দুরভিসন্ধি মূলে ম্যানেজমেণ্টে হস্তক্ষেপ করিতে না দিয়া আমার অনভিপ্রায়ে ও উভয় পক্ষ মধ্যে কৃত চুক্তির বিরুদ্ধে একাই ম্যানেজমেণ্ট করিবার অভিলাষে এষ্টেটের অহিতকর কার্য্য করায় আমার সহিত কৃত চুক্তির বলে উক্ত ৩ জন মধ্যে কেহই আমা কর্ত্তৃক নিযুক্ত আইন সঙ্গত ম্যানেজার নহেন। মহামান্য হাইকোর্ট কর্ত্তৃক প্রচারিত হুকুম দ্বারা আমা কর্ত্তৃক ম্যানেজার নিযুক্ত করণ সম্বন্ধীয় কার্য্যও কার্য্যতঃ বাতিল ও নামঞ্জুর হইয়া যাওয়ায় আমিও প্রকাশ্যভাবে তাহা বাতিল ও নামঞ্জুর থাকা সর্ব্বসাধারণকে জানাইলাম। উক্ত শ্রীমান গোবিন্দদাস নাথ আমার দেবত্তর ও নিজ সম্পত্তির মোহরগর অন্যায় ও অবৈধমতে ও এষ্টেটের অহিতকর ভাবে ব্যবহার করায় আমি তাহাও বাতিল ও নামঞ্জুর করিলাম। স্বয়ং আমার দ্বারা কৃত কার্য্য ব্যতীত আমার শিলমোহর দ্বারা কৃত কোন কার্য্যে আমি বা আমার এষ্টেট বাধ্য হইবে না। ইতি সন ১৩৩১ সাল তারিখ ১ জ্যৈষ্ঠ।

শ্রীমতি নিত্যকালী দাসী।

## বিজ্ঞাপন।

—:০:—

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে, জঙ্গিপুর মিউনিসিপালিটীর ৫ নম্বর ওয়ার্ডে সদর রাস্তার উপর দত্ত এণ্ড লাহা কোম্পানীর কাপড়ের দোকানের দক্ষিণে পাকা দোকান ঘর বিক্রয় হইবে। গ্রহণেচ্ছুগণ নিম্ন স্বাক্ষরকারীর নিকট সাক্ষাৎ করিলে সমস্ত বিবরণ জানিতে পারিবেন।

শ্রীগিরীশ চন্দ্র দে।
রঘুনাথগঞ্জ মণোহারীর দোকান।

## নোটিশ।

—•—

জেলা মুর্শিদাবাদ, থানা সুতির অন্তর্গত তরফ বহুতালী, তরফ কলিতরা ও তরফ সাদিকপুর মহালে আমাদের যে সকল জোতজমা আছে তাহা বিক্রয় করা হইবে। গ্রহণেচ্ছুগণ নিম্নলিখিত ঠিকানায় বিস্তারিত সংবাদ পাইবেন। ১৩৩১ সাল তারিখ ১লা জ্যৈষ্ঠ।

নিঃ শ্রীসুরেন্দ্রনারায়ণ সিংহ।
জঙ্গিপুর।




## খেতে কোন হাঙ্গামা নাই

**অনুপান—গরম দুধ; অভাবে গরম জল।**

| | |
|---|---|
| মাত্রা | পূর্ণ বয়স্কের এক দাগ, ৬ হইতে ১২ বৎসর পর্য্যন্ত অর্দ্ধ দাগ, অনুান বয়স্কের ৫।৭ বিন্দু হইতে সিকি দাগ। |
| ব্যবহার বিধি | সকালে ও বৈকালে এক দাগ করিয়া সুরবল্লী কষায় এক ছটাক আন্দাজ গরম দুধ ঠাণ্ডা করিয়া ঐ দুধের সহিত খাইতে হয়। দুধ অভাবে গরম জল ব্যবহার করা চলে। |
| পথ্যাপথ্য | পুরাতন চালের ভাত, কিম্বা রুটী বা লুচি এবং ছোট মাছ; মুগ, ছোলা বা অড়হর ডাল; পটল, আলু, বেগুণ, ডুমুর, ঝিঙ্গা, উচ্ছে, কাঁঠাল বিচি, কাঁকুড়, থোড়, মোচা, ওল, মানকচু, এঁচোড়, মটরশুটি, কপি প্রভৃতির ব্যঞ্জন সুপথ্য। তৈলপক্ক ব্যঞ্জন অপেক্ষা ঘৃতপক্ক ব্যঞ্জন; সাধারণ নুনের পরিবর্ত্তে সৈন্ধব নুন; অল্প মিষ্টে প্রস্তুত সকল রকম ঘৃতপক্ক খাবার—লুচি, মোহনভোগ, গজা, মেঠাই, মাখন, মিছরি, বেদানা, পেস্তা, বাদাম, কিসমিস, আঙ্গুর, খোবানী, এবং সুপক্ক ফল আম, পানিফল, ইত্যাদি বিশেষ উপকারী। |
| সাধারণ নিয়ম | প্রয়োজন মত গরম জলে স্নান করা। গায়ে একটী জামা সর্ব্বদা রাখিলে ভাল হয়। সর্ব্বদা পরিস্কার পরিচ্ছন্ন ও প্রফুল্লচিত্তে থাকা, কোষ্ঠ পরিষ্কার রাখা ও সুনিদ্রার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য। |
| নিষিদ্ধ | নিয়মাদি ও অন্যান্য পালনোপযোগী নিয়মাদি সুরবল্লী কষায় ব্যবহার-বিধি পুস্তকে বিস্তারিত লেখা আছে। |

# সুরবল্লী কষায়

সেবনে বাত, সর্ব্বপ্রকার রক্তদুষ্টি ও চর্ম্মরোগ, যাবতীয় দুষ্টক্ষত, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি দূরীভূত হয়।

উদ্ভিজ্জ দ্রব্যে প্রস্তুত, খাইতে সুস্বাদু। সকল বয়সে এবং সকল ঋতুতে নির্বিঘ্নে ব্যবহার করিতে পারা যায়।

এক শিশি ১৸০ টাকা—ডাকমাশুল ৷৵০ আনা

**সি, কে, সেন এণ্ড কোং লিমিঃ**

২৯ নং কলুটোলা ষ্ট্রীট
—কলিকাতা—

## অম্লরোগের মহৌষধ

অম্লপিত্তান্তক বটিকা—সর্ব্ব অজীর্ণ অম্ল ও শূল রোগের অব্যর্থ মহৌষধ। এই ঔষধ সেবনে অম্লশূল, বুকের কামড় ও গা বমি বমি করা, মুখে জল উঠা, ভুক্তান্ন বমি হওয়া, অজীর্ণজনিত স্বপ্নদোষ, কোষ্ঠবদ্ধ, মধ্যে মধ্যে পাতলা দাস্ত হওয়া প্রভৃতি উপসর্গ আরোগ্য হয়। বহুকষ্টে সংগৃহীত ও সরকারী ডাক্তারের বৈজ্ঞানিক মতে পরীক্ষিত ও দেশীয় গাছগাছড়া দ্বারায় প্রস্তুত করা হইয়াছে। গর্ভবতী স্ত্রীলোক ভিন্ন সকলে সকল সময়ে সেবন করিতে পারেন। মূল্য প্রতি বড় শিশি ১৲ টাকা, ছোট শিশি ৷৹ আনা মাত্র ডাক মাশুল স্বতন্ত্র।

## নিম সাবান।

এই সাবান মাখিলে সামান্য খুজলি ( চুলকানি ) হইতে গলিত কুষ্ঠ পারদজনিত নানাবিধ চর্ম্মরোগ, ক্ষত, বাতরক্ত গায়ে চাকা চাকা দাগ হইয়া উঠা প্রভৃতি সর্ব্বপ্রকার রক্তদুষ্টিজনিত চর্ম্মপীড়া অতি শীঘ্র আরোগ্য হইয়া থাকে। মূল্য প্রতি বাক্স ৸৹ বার আনা, মাশুলাদি স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ডাঃ শ্রীমুরারিরঞ্জন সিংহ।
ম্যানেজার—সিংহ এণ্ড কোং, বৃন্দাবন ও মথুরা ইউ, পি।

এজেণ্টস্ঃ—১। ব্যানার্জ্জি কোং ও ২। শ্রীযুক্ত তিনকড়ি দাস। রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)। ৩ শ্রীযুক্ত রাধাশ্যাম ব্যানার্জ্জি। কান্দী, (মুর্শিদাবাদ)

## বিনামূল্যে ও বিনামাশুলে

রত্নসদৃশ গ্রন্থরাজী প্রায় নিঃশেষ হইয়া আসিল !

সত্বর লিখুন—বিলম্বে হতাশ হইবেন।

ঠিকানাঃ— বৈদ্যশাস্ত্রী মণিশঙ্কর গোবিন্দজী।

'আতঙ্ক নিগ্রহ ঔষধালয়,'

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

আরও পড়ুন ! আরও দেখুন !! অবাক্ হইবেন !!!

নাম মাত্র মূল্যে দুষ্প্রাপ্য ও অমূল্য ধাতুঘটিত মহৌষধাবলী।

১। সকল সালসার রাজা "লোহাসব"।

ইহা সেবনে শরীরে প্রচুর বিশুদ্ধ রক্ত সঞ্চারিত হয় ও দেহ পরিপুষ্ট হয়। এই মহৌষধ সেবনে হাঁপানি যক্ষ্মা, বুকের বা হৃদ্‌যন্ত্রের যন্ত্রণা দূর হয় এবং প্লীহার বিস্তৃতি বন্ধ হয়। মূল্য ১৫ তোলার ১ শিশি ১॥০ দেড় টাকা মাত্র।

২। "আরোগ্য অবলেহ" ব্যবহার করুন, ফল হাতে হাতে, প্রতি কৌটা ২০ তোলা পূর্ণ, মূল্য ২॥০ আড়াই টাকা মাত্র।

৩। "লৌহভস্ম" লউন—ইহা ব্যবহারে সত্য সত্যই লৌহ হজম করিতে পারিবেন এবং দেহ লৌহার মত শক্ত হইবে। মূল্য প্রতি তোলা ৫৲ টাকা মাত্র।

# ইলেক্ট্রিক সলিউসন




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দোকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, আরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন


কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

১নং। দামোদর সুধা।ঃ— মূল্য ॥৶০

ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র




২নং বিনা অস্ত্রে আরোগ্য

অপেরীণ।ঃ—

বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীত্‌লা ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।

মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ॥০ আনা।

৩নং। স্পিরিট ক্যাম্ফর ঃ— ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৵০ আনা একত্রে ৩ শিশি ১৲।

৪নং। একজিমা ঃ— একজিমা বা কাউরের একমাত্র মলম। মূল্য ॥০ আনা।

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা।